

হাসনাত-সারজিসকে ‘সফল অধিনায়ক’ বললেন আসিফ আকবর

written by Chandradip News24 | October 29, 2024

চন্দ্রদ্বীপ ডেস্ক:: বাংলা গানের ‘যুবরাজ’খ্যাত সংগীতশিল্পী আসিফ আকবর বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম দুই সমন্বয়ক হাসনাত আব্দুল্লাহ ও সারজিস আলমের সঙ্গে দেখা করেছেন। সোমবার, ২৮ অক্টোবর, তিনি ফেসবুকে তাদের সঙ্গে তোলা একটি ছবি পোস্ট করেন এবং তাদের সফলতার প্রশংসা করেন।

ফেসবুক স্ট্যাটাসে আসিফ জানান, হাসনাত ও সারজিস তার সঙ্গে দেশ, সমাজ, রাজনীতি, সংগীত এবং মিডিয়া নিয়ে আলোচনা করেছেন। তিনি হাসনাতকে ‘সোজাসাপটা’ এবং সারজিসকে ‘মৃদুভাষী’ বলে অভিহিত করেছেন এবং তাদের নেতৃত্বে জুলাই বিপ্লবের সফলতা প্রশংসা করেছেন।

আসিফ আরও বলেন, ‘৭ নভেম্বর সিপাহী জনতার বিপ্লবে যেমন স্বাধীনতা এসেছিল, তেমনই জুলাই বিপ্লবে আওয়ামী-বাকশালীদের খুনীতন্ত্র থেকে মুক্তির বার্তা এসেছে। Z-Force এর নভেম্বর বিপ্লব এবং Gen-Z এর জুলাই বিপ্লব আমাদের স্বাধীনতার ইতিহাসে অনন্য অধ্যায় হয়ে থাকবে।’

প্রসঙ্গত, আসিফ আকবর জুলাইয়ে ছাত্র আন্দোলনে সক্রিয় ভূমিকা পালন

[illegible]